S.L. No. 010005481/2024 ॥ জয় ভোলে ॥ G-010105559/2024

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

रू.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL Y 622253

11/09/2024
12/00
I-2002406779/2024

## -ঃঃ শুভ দানপত্র দলিল ঃঃ-

দানীয় সম্পত্তির মূল্য ৫,০০,০০০/- টাকা

থানা বাঁকুড়া। ইহা পৌরসভা ও পঞ্চায়েত এলাকাভুক্ত সম্পত্তি হইতেছে।

Certified that the document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached with document are the part of this Document.

District Sub-Registrar
Bankura

11 SEP 2024

**দানপত্র গ্রহীতা ঃ-** শ্রী সৌমেন বরাট, পিতা স্বর্গীয় সুভাষ বরাট, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিম পদ্মপুকুর পল্লী, নূতনচটী, বাঁকুড়া, পোঃ, থানা ও জেলা বাঁকুড়া, পিন নং ৭২২১০১।

(পরপৃষ্ঠা - ২)

Scanned with OKEN Scanner

নমক নং-
ইং তাং ০১/০৯/২০২৪
নাম
ঠিকানা
থানা ........ জেলা ........
মূল্য
শ্রী দেবদাস মুখার্জী
বাঁকুড়া সদর স্ট্যাম্প ভেন্ডার

SUB-REGISTRAR BANKURA

District Sub-Registrar
Bankura

11 SEP 2024

Ajoy Bhui
S/o Sri Haradhan Bhui
Bankati, Bankura
Pin-722102

भारतीय गैर न्यायिक

पचास रुपये रु.50

भारत

सत्यमेव जयते

INDIA

FIFTY RUPEES Rs.50

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL AE 464140



Munmun Nag

দানপত্র দাতা ঃ- শ্রীমতী মুনমুন নাগ, স্বামী শ্রী তপন নাগ, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা গৃহস্থালী, সাকিম চেঁচুড়া, পোঃ ও থানা তালডাংরা, জেলা বাঁকুড়া, পিন নং ৭২২১৫১ ।পিতা স্বর্গীয় সুভাষ বরাট ।

(পরপৃষ্ঠা -৩)

ক্রমিক নং- ২১৮৩
ইং তাং ৩১/১/২০২৪
নাম জীমত- মুখার্জী
বাসস্থান বোরা
থানা সদর বাঁকুড়া
মূল্য ৫০/-

শ্রী দেবদাস মুখার্জী
বাঁকুড়া সদর স্ট্যাম্প ভেন্ডার

OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR
জেলা অবর নিবন্ধক এর কার্যালয়
বাঁকুড়া
BANKURA

District Sub-Registrar
Bankura

11 SEP 2024

(৩)

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে বিবরণ এই যে, নিম্ন তপশীলে বর্নিত ১ম দফার সম্পত্তি আমার মাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্তীয় সম্পত্তি হইতেছে । যাহা আমার মাতা গত ইংরাজী ০৪/১১/১৯৯২ তারিখে বাঁকুড়া ডি. এস. আর. অফিসের ৭৬১৮ নং রেজিষ্ট্রীকৃত খোস কোবালা দলিল দ্বারা সাকিম বাঁকুড়া দোলতলা নিবাসী শ্রী নরেন্দ্রনাথ কুন্ডু এর নিকট খরিদ করিয়াছিলেন । যাহা থানা বাঁকুড়া, থানাওয়ার নং ২২৮ মৌজা ক্ষুদশোল মধ্যে বর্তমান এল. আর. ৪৯১ নং খতিয়ানে উক্ত নরেন্দ্রনাথ কুন্ডু এর নামে পরিমাপিত হইয়া চূড়ান্ত স্বত্বলিপি প্রস্তুত ও প্রচারিত হইয়াছে । তৎপরে উক্ত সরমা বরাট অর্থাৎ আমার মাতা তাঁহার কোবালা খরিদা সম্পত্তিতে খাসে দখলকারিনী থাকা অবস্থায় পরলোকগমন করিলে পর তাঁহার ত্যক্ত সম্পত্তি আমি অত্র দলিলের দাত্রী তাঁহার কন্যা ওয়ারিশান বিধায় এবং অত্র দলিলের গ্রহীতা তাঁহার পুত্র ওয়ারিশান বিধায় সমতুল্যাংশে প্রাপ্ত হইয়াছি ।

ও নিম্ন তপশীল বর্নিত ২য় দফার সম্পত্তি আমার মাতার ওয়ারিশান সূত্রে প্রাপ্তীয় সম্পত্তি হইতেছে । যাহা আমার মাতা গত ইংরাজী ১২/১১/২০১২ তারিখে বাঁকুড়া এ. ডি. এস. আর. অফিসের ২৫৩৪ নং রেজিষ্ট্রীকৃত খোস কোবালা দলিল দ্বারা সাকিম বাঁকুড়া পাঠকপাড়া নিবাসী কালিচরণ বন্দ্যোপাধ্যায় এর নিকট খরিদ করিয়াছিলেন । যাহা থানা বাঁকুড়া, থানাওয়ার নং ২২৯ মৌজা জুনবেদিয়া মধ্যে বর্তমান এল. আর. ২০৪০ নং খতিয়ানে সরমা বরাট এর অর্থাৎ আমার মাতার নিজ নামে পরিমাপিত হইয়া চূড়ান্ত স্বত্বলিপি প্রস্তুত ও প্রচারিত হইয়াছে । তৎপরে উক্ত সরমা বরাট অর্থাৎ আমার মাতা তাঁহার নিজাংশ রেকর্ডভূক্ত সম্পত্তিতে খাসে দখলকারিনী থাকা অবস্থায় পরলোকগমন করিলে পর তাঁহার ত্যক্ত সম্পত্তি আমি অত্র দলিলের দাত্রী তাঁহার কন্যা ওয়ারিশান বিধায় এবং অত্র দলিলের গ্রহীতা তাঁহার পুত্র ওয়ারিশান বিধায় সমতুল্যাংশে প্রাপ্ত

(পরপৃষ্ঠা -৪)

হইয়াছি । যাহাতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি উক্ত প্রকারে প্রাপ্ত হইয়া অদ্যবধি নিজ স্বত্বে স্বত্ত্ববতী মতে সকলের চক্ষু গোচরে, নির্ব্বিবাদে খাস দখলে দখলকারিনী আছি।

এক্ষনে দানপত্র দলিলের গ্রহীতা তুমি, আমার সহোদর ভ্রাতা হইতেছ অর্থাৎ আমরা একই পিতা ও মাতার সন্তান হইতেছি । তুমি অত্র দলিলের গ্রহীতা আমাকে তোমার সহোদরা ভগ্নী হিসাবে অতিশয় ভক্তি, শ্রদ্ধা, সেবা যত্নাদি ও ভালোবাসিয়া থাকহ আমিও তোমাকে অতিব স্নেহ করিয়া থাকি ও তোমার প্রতি অতিব ভালোবাসায় সন্তুষ্ট হইয়া ও আমার মনের ইচ্ছা পুরনার্থে ও অদ্য অত্র দানপত্র দলিল দ্বারা নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত দন্ডায়মান একতল পাকা দোকান গৃহাদী আমি তোমাকে দান করিতে ইচ্ছা প্রকাশ করিলে ও তুমি অত্র দান গ্রহন করিতে ইচ্ছুক হইলে অদ্য অত্র দানপত্র দলিল দ্বারা নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত দন্ডায়মান একতল পাকা দোকান গৃহাদী দান করিয়া দিয়া দানীয় সম্পত্তি ও তদুপরিস্থিত দন্ডায়মান একতল পাকা দোকান গৃহাদী হইতে আমি মায় স্থলাভিষিক্ত ওয়ারিশানগনক্রমে চিরকালের জন্য নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম । দানীয় সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত্ব সামিত্ব আয়, লভ্য পাওনা, দাবী দাওয়াদী ছিল, তাহা অদ্য হইতে সম্পূর্নরূপে লোপ পাইয়া অদ্য অত্র দান গ্রহন মতে তোমার প্রতি বর্ত্তিল বা অর্পিল । অতঃপর তুমি অদ্য হইতে দানীয় সম্পত্তিতে ও তদুপরিস্থিত দন্ডায়মান একতল পাকা দোকান গৃহাদীতে আমার ন্যায় যাবতীয় স্বত্বে স্বত্ত্ববান মতে সর্ব্বপ্রকার দান, বিক্রয় ও হস্তান্তরাদির মালিক ও অধিকারী হইয়া দানীয় তপশীল বর্নিত সম্পত্তিতে কাঁচা পাকা গৃহ নির্মান করিয়া, কূপ পায়খানাদী প্রস্তুত মতে, জল নিকাশের জন্য ড্রেন করিয়া, ইলেকট্রিক এর সংযোগ লইয়া তাহাতে বসবাস করিয়া ও তাহা ব্যবহারাদী মতে এবং উক্ত দোকানগৃহাদীতে ব্যবসাদী পরিচালনা করিয়া তাহাতে পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশানগনক্রমে ভোগ দখল ও অধিকারাদি করিতে

(পরপৃষ্ঠা -৫)

থাকহ এবং দানীয় তপশীল বর্নিত সম্পত্তির নিম্নের লিখিত মালিকের সেরেস্তায় সন সন খাজনাদি আদায় দিয়া আমার নাম খারিজ মতে, তোমার নিজ নাম পত্তন করাইয়া নিজ নামে খাজনাদির রসিদাদি পাইয়া পুত্র পৌত্রাদি মায় স্থলাভিষিক্ত ওয়ারিশানগনক্রমে চিরকাল পরমসুখে নিব্যূঢ় স্বত্ত্বে ভোগ দখল ও অধিকারাদি করিতে থাকহ, তাহাতে ভবিষ্যতে আমি কিম্বা আমার অপর স্থলাভিষিক্ত কেহ কোন ওয়ারিশ কোন দিন কোন প্রকারের দাবী দাওয়া কি ওজর আপত্য করি কিম্বা করে তবে তাহা সর্বত্র সর্বস্থলে সর্বোত ভাবে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে । দানীয় সম্পত্তি ও তদুপরিস্থিত দন্ডায়মান একতল পাকা দোকান গৃহাদী আমি তোমাকে নির্দ্দায়, নির্দ্দোষ এবং দায়মুক্ত অবস্থায় দান করিলাম । দানীয় সম্পত্তির আনুমানিক মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা হইতেছে ।

এতদর্থে সুস্থ চিত্তে সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় আপন ইচ্ছায় আপন খুশীতে অত্র দানপত্র দলিলের নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগনের স্বাক্ষাতে অত্র দানপত্র দলিলের মর্ম অবগত হইয়া সুস্থ চিত্তে সুস্থ মস্তিষ্কে অত্র দানপত্র দলিল তোমার বরাবর নিজ নামের সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ২৫ শে ভাদ্র; ইংরাজী ২০২৪ দুই হাজার চব্বিশ খ্রীষ্টাব্দের ১১ ই সেপ্টেম্বর ।

## ।। তপশীল ।।

### ১ম দফার তপশীল

জেলা, চৌকি, কালেক্টারি, রেজিষ্ট্রী, বাঁকুড়া, সাব-রেজিষ্ট্রী ও থানা বাঁকুড়া, সামিল থানাওয়ার নং ২২৮ মৌজা ক্ষুদশোল মধ্যে বর্তমান এল. আর. ৪৯১ নং খতিয়ানভূক্ত সাবেক ৮৩ নং দাগ যাহা হাল ৬৭০ নং দাগে বাইদ বর্তমানে বাস্তুযোগ্য মোট পরিমাণ ০.৩৩৫০ একর মধ্যে ০.০৫৭০ অংশে ৮৩২ বর্গফুট ইহার অর্দ্ধাংশে ৪১৬ বর্গফুট । সাবেক ৮৩

(পরপৃষ্ঠা -৬)

নং দাগ যাহা হাল ৬৬৯ নং দাগে বাইদ বর্তমানে বাস্তুযোগ্য মোট পরিমাণ ০.৪৮৫০ একর মধ্যে ০.০৪৯০ অংশে ১০৩৬ বর্গফুট ইহার অর্দ্ধাংশে ৫১৮ বর্গফুট । একুনে দুইটি দাগে ৯৩৪ বর্গফুট কাৎ ০১ কাঠা ০৪ ছটাক ৩৪ বর্গফুট কাৎ ০.০২১৪ একর জমিন ও তদুপরিস্থিত দন্ডায়মান ২০ বৎসরের অধিক পুরাতন সিমেন্টের মেঝেযুক্ত ৬০০ বর্গফুট বিশিষ্ট একতল পাকা দোকান গৃহাদী আমি তোমাকে দান করিয়া দিলাম । যাহার একবন্দ চৌহদ্দী উত্তরে - অন্যের জায়গা; দক্ষিনে - জুনবেদিয়া হইতে বাঁকুড়া যাইবার ৬০’ - ০০’’ ফুট প্রস্থ বিশিষ্ট যাতায়াতী পাকা রাস্তা, পূর্বে - বাঁকুড়া জুনবেদিয়া রোড হইতে উত্তরাভিমুখে ১৫’ - ০০’’ ফুট প্রস্থ ঢালাই রাস্তা, পশ্চিমে - জগবন্ধু কুন্ডু এর জায়গা হইতেছে । যাহা বাঁকুড়া পৌরসভার অর্ন্তগত ০৯ নং ওয়ার্ডস্থিত রামপুর মহল্লা রোড নিকটস্থ B/25/14/I/1 নং হোল্ডিংভূক্ত দোকানগৃহাদী হইতেছে ।

২য় দফার তপশীল

জেলা, চৌকি, কালেক্টারি, রেজিষ্ট্রী, বাঁকুড়া, সাব-রেজিষ্ট্রী ও থানা বাঁকুড়া, সামিল থানাওয়ার নং ২২৯ মৌজা জুনবেদিয়া মধ্যে বর্তমান এল. আর. ২০৪০ নং খতিয়ানভূক্ত সাবেক ও হাল ৪৫১ নং দাগে তড়া বর্তমানে বাস্তুযোগ্য মোট পরিমাণ ৫.৬৮ একর মধ্যে ০.০০৪৬ অংশে ০২ শতক ইহার অর্দ্ধাংশে ০১ শতক ফাঁকা বাস্তুযোগ্য জমিন আমি তোমাকে দান করিয়া দিলাম । যাহার একবন্দ চৌহদ্দী উত্তরে - ৬০’ - ০০’’ ফুট প্রস্থ পাকা রাস্তা, দক্ষিনে - ৪৫১ নং দাগে অন্যের ফাঁকা জায়গা, পূর্বে - রামরঞ্জন ব্যানাজ্জী এর জায়গা, পশ্চিমে - গোপাল ব্যানাজ্জী এর জায়গা হইতেছে ।

একুনে দুইটি মৌজায় মোট ৩.১৪ শতক কাৎ ০.০৩১৪ একর জমিন আমি তোমাকে দান করিয়া দিলাম । ইহা রায়ত স্বত্বীয় সম্পত্তি । মোট জমার হারহারিতে

(পরপৃষ্ঠা -৭)

Mun Mun Nag

(৭)

ধার্য্যিত খাজনা পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে বাঁকুড়া পৌরসভা এলাকাভুক্ত সম্পত্তি বাঁকুড়া ১ নং বি. এল. এ্যান্ড. এল. আর. ও. আদায় পান ও জুনবেদিয়া পঞ্চায়েত এলাকাভূক্ত সম্পত্তি বাঁকুড়া ২ নং বি. এল. এ্যান্ড. এল. আর. ও. আদায় পান ।

Mun Mun Nag

অত্র দানপত্র দলিলের সহিত অতিরিক্ত পৃষ্ঠায় দাতা ও গ্রহীতার পুরানাম, পাসপোর্ট সাইজ ছবি এবং প্রতিটি হাতের প্রতিটি আঙ্গুলের টিপ ছাপ প্রত্যয়িত হইল যাহা অত্র মূল দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

ঃ খসড়া প্রস্তুত কারক ঃ

Abhishek Chaudhuri

এ্যাডভোকেট, বাঁকুড়া
বাঁকুড়া ডিষ্ট্রিক জাজেস কোর্ট
পঃ বঃ বার কাউন্সিল
এনরোলমেন্ট নং ABHISHEK CHAUDHURI
Advocate
Judge Court, Bankura
Enrol. No.: F / 423 / 652 / 2017

:: মুদ্রনে ::

Koushik Banerjee
(কৌশিক ব্যানার্জ্জী)
(কোর্ট কম্পাউন্ড, বাঁকুড়া)

## ইসাদী

1) Ajoy Bhui
S/O Sri Haradhan Bhui
Bankati, Bankura
Pin- 722102

সুজয় বড়াকর
পিতা উত্তম বড়াকর
সাং কেন্দেবনা
পোঃ বনকাটি
জেলা থানা বাঁকুড়া

দাখিলকারক ও দাতা ঃ



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম............................................................স্বাক্ষর Munmun Nag..................



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম............................................................স্বাক্ষর Suman Basak

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম............................................................স্বাক্ষর..............................

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম............................................................স্বাক্ষর..............................

OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR
জেলা অবর নিবন্ধকের কার্যালয়
* বাঁকুড়া *
* BANKURA *

District Sub-Registrar
Bankura

11 SEP 2024

Scanned with OKEN Scanner